

## B.A. 6th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : DSE-4

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রমানের নির্দেশক।  
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দাও :

২×১০=২০

- (ক) লোকসাহিত্যের সংজ্ঞা দাও।
- (খ) বস্তুকেন্দ্রিক লোকসংস্কৃতির দুটি উদাহরণ দাও।
- (গ) দুটি লোক-বিশ্বাসের উদাহরণ দাও।
- (ঘ) গ্রাম্য ছড়া কোন জাতীয় লোকসাহিত্য?
- (ঙ) ভাদুগান পশ্চিমবঙ্গের কোন কোন অঞ্চলে প্রচলিত লোকসংগীত?
- (চ) টুসুগান কী? এটি বাংলার কোন ঋতুতে গাওয়া হয়?
- (ছ) মন্ত্র বলতে কী বোঝা?
- (জ) ছৌ-নৃত্য কী? এটি কোন অঞ্চলের লোকসংস্কৃতি?
- (ঝ) দুটি গ্রাম্য ঝাঁপার উদাহরণ দাও।
- (ঞ) দুজন প্রখ্যাত বাঙালি লোকসাহিত্য-গবেষকের নাম উল্লেখ করো।
- (ট) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা লোকসাহিত্য বিষয়ক একটি প্রবন্ধের নাম উল্লেখ করো।
- (ঠ) আলকাপ কী, কোন অঞ্চলে প্রচলিত?
- (ড) বাংলা প্রবাদ-বিষয়ক একটি গ্রন্থের নাম ও সেই গ্রন্থের লেখকের নাম উল্লেখ করো।
- (ঢ) বালিকা ও কিশোরীদের দ্বারা পালিত দুটি ব্রতের নাম উল্লেখ করো।
- (ণ) 'বাংলার ব্রত' গ্রন্থটি কার লেখা?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) বাংলা লোকসংগীতের বিবর্তন সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো।
- (খ) একটি লোকনাট্যের উদাহরণ দিয়ে সেটির সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) লোকসাহিত্যের ধারা হিসেবে বাংলা প্রবাদের গুরুত্ব লেখো।
- (ঘ) বাংলার কয়েকটি ধাঁধার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঙ) লোকবিশ্বাস কীভাবে সাহিত্যের উপাদান হয়ে উঠতে পারে তোমার পড়া দু-একটি গল্প/উপন্যাস থেকে উদাহরণ দিয়ে তা বুঝিয়ে দাও।
- (চ) লোকসংস্কৃতির উপাদান হিসেবে লোকসংগীতের গুরুত্ব লেখো।

৩। যে-কোনো দুটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :

১০×২=২০

- (ক) মধ্যযুগের বাংলা চৈতন্যচরিত সাহিত্যধারার গুরুত্ব।
- (খ) ময়মনসিংহগীতিকা : ধর্মনিরপেক্ষ সাহিত্যগুণের সন্ধান।
- (গ) উনিশ শতকের বাংলা সংবাদ ও সাময়িকপত্রে বাঙালি জীবন।
- (ঘ) রবীন্দ্র-উপন্যাসে নারী মনস্তত্ত্ব।